



শিগগিরই সহজ হবে ভারতীয় ভিসা, জানালেন পররাষ্ট্রমন্ত্রী



পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

ভারতের ভিসা প্রক্রিয়া নিয়ে ইতিবাচক ইঙ্গিত দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। তিনি বলেছেন, বাংলাদেশীদের জন্য ভিসা পাওয়া সহজ করতে উদ্যোগ নেওয়া হয়েছে এবং বর্তমান জটিলতা শিগগিরই কাটবে বলে আশা করা হচ্ছে।

মঙ্গলবার (২৮ এপ্রিল) জাতীয় সংসদের অধিবেশনে কিশোরগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য শেখ মজিবুর ইকবালের লিখিত প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। বিকেল তিনটায় শুরু হওয়া অধিবেশনে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম সভাপতিত্ব করেন এবং বিভিন্ন প্রশ্নোত্তর অনুষ্ঠিত হয়।

পররাষ্ট্রমন্ত্রী বলেন, দক্ষিণ এশিয়ার দেশগুলোর সঙ্গে বাংলাদেশের সম্পর্ক বন্ধুত্ব ও সহযোগিতার ভিত্তিতে এগোচ্ছে। পারস্পরিক সম্মান, আস্থা ও অভিন্ন মূল্যবোধই এই সম্পর্কের মূল শক্তি।

তিনি আরও জানান, বর্তমান সরকার জাতীয় স্বার্থ বজায় রেখে সার্বভৌম সমতা ও পারস্পরিক সম্মানের ভিত্তিতে ভারতের সঙ্গে সম্পর্ক উন্নয়নে কাজ করে যাচ্ছে।

ভিসা জটিলতা নিরসনে গৃহীত পদক্ষেপ সম্পর্কে তিনি বলেন, সাম্প্রতিক ভারত সফরে দেশটির পররাষ্ট্রমন্ত্রী, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাসমন্ত্রী এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টার সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে। সেখানে বাংলাদেশীদের ভ্রমণ ও ব্যবসায়িক ভিসা দ্রুত স্বাভাবিক করার আহ্বান জানানো হয়েছে এবং শিগগিরই ইতিবাচক পরিবর্তনের আশা করা হচ্ছে।